

## অঞ্জীকারনামা

আমি.....

পিতা/স্বামী..... মাতা.....

ইউনিয়ন..... ওয়ার্ড নং.....

ঠিকানা.....মোবাইল নম্বর.....

ওএমএস ডিলার হিসেবে নিয়োগপত্র গ্রহণের উদ্দেশ্যে এ মর্মে অঞ্জীকার করছি যে,

- ০১) খাদ্য মন্ত্রণালয় নির্দেশিত শর্ত অনুযায়ী নির্ধারিত মূল্যে ও সরকারি নিয়ম অনুযায়ী ওএমএস খাতে চাল/আটা বিক্রয় করতে বাধ্য থাকবো।
- ০২) সরকার প্রয়োজন মোতাবেক যে কোনো সময়, যে কোনো ধরনের এবং যে কোনো পরিমাণের খাদ্যশস্য/খাদ্যদ্রব্য বরাদ্দ করতে পারবে। প্রয়োজন না হলে বরাদ্দ বন্ধও করতে পারে। এত কোনো অবস্থাতেই আমি কোনো প্রকার আপত্তি করবো না।
- ০৩) আমার নির্ধারিত বিক্রয় কেন্দ্রে/দোকানের সামনে খাদ্য অধিদপ্তরের নির্দেশ অনুযায়ী প্যানাঙ্ক্স (লাল রং) ব্যানার (০৬ ফুট/০৩ ফুট) ঝুলাতে বাধ্য থাকবো এবং প্যানাঙ্ক্স(লাল রং) ব্যানারে খাদ্য অধিদপ্তর কর্তৃক নির্ধারিত তথ্যাদি লিপিবদ্ধ (সাদা রং) থাকবে।
- ০৪) প্রথম পর্যায়ে প্রচারের জন্য বিক্রয় কেন্দ্রের আশেপাশে প্রয়োজনীয় প্রচার প্রচারণার ব্যবস্থা করবো।
- ০৫) নির্দেশিত সময়ে চাল/আটা বিক্রয়ের জন্য আমি অবশ্যই দোকান খোলা রাখব/ট্রাকযোগে নির্ধারিত বিক্রয় কেন্দ্রে হাজির থাকবো।
- ০৬) আমার অনুকূলে বরাদ্দকৃত চাল/আটার হিসাবপত্র সংরক্ষণ, নিরাপত্তা, গুণগতমান এবং পরিমাণের জন্য আমি দায়ী থাকব ও বিতরণকালে ভোল্টাওয়ারি মাস্টারেরোল প্রস্তুত ও সংরক্ষণ করবো, একটি মজুত রেজিস্টার পরিচালনা করবো এবং একটি পরিদর্শন রেজিস্টার রাখবো।
- ০৭) কোনো অবস্থাতেই আমি কোনো প্রকার অনিয়ম/কারচুপি করবো না, যে কোনো অনিয়মের জন্য আমি আইনত: দন্ডনীয় হবো,
- ০৮) ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীকে বরাদ্দকৃত মালামাল পরিদর্শনের জন্য ও হিসাবাদি পরীক্ষার জন্য সহযোগিতা করতে বাধ্য থাকবো।
- ০৯) বিতরণের জন্য বরাদ্দকৃত মালামাল সময়মত উত্তোলন করবো এবং দোকান / খাদ্য অধিদপ্তর কর্তৃক নির্দেশিত স্থানে বিক্রয় করার জন্য মজুত রাখবো।
- ১০) জনসাধারণের স্বার্থে দোকান/ট্রাকযোগে খোলাবাজারে চাল বিক্রয় কার্যক্রমের আওতায় পরবর্তীতে সরকার কোনো প্রকার নির্দেশ জারি করলে তা আমি মেনে চলতে বাধ্য থাকবো।
- ১১) বরাদ্দকৃত মালামাল বিতরণে অনিয়ম বা মালামালের ঘাটতি হলে ঐ পরিমাণ মালামালের জন্য অর্থনৈতিক মূল্যের দ্বিগুন হারে দন্ডমূলক হারে পূর্বের জমা মূল্য বাদে) অর্থ সরকারি খাতে জমা দিতে আমি বাধ্য থাকবো। অন্যথায় কর্তৃপক্ষ আইনগতভাবে ক্ষতির মূল্য দন্ডমূলক হারে আমার বা আমার অবর্তমানে আমার ওয়ারিশদের নিকট হতে আদায় করতে পারবে।
- ১২) নিজ ডিলারশিপ ব্যাতিত অন্য কোনো ডিলারের প্রতিনিধিত্ব/খাদ্যশস্য উত্তোলন করবো না এবং
- ১৩) এই অঞ্জীকারনামার কোনো শর্ত/শর্তাবলি ভঙ্গ করলে কর্তৃপক্ষ যে কোনো সময় প্রয়োজনবোধে (বিনা নোটিশে) আমার জামানত সরকারি খাতে বাজেয়াপ্ত করতে পারবে এবং আমার অনুকূলে বরাদ্দ বাতিল বা সাময়িকভাবে বন্ধ করতে বা ডিলারশীপ বাতিল বা কালোতালিকাভুক্ত করতে পারবে।

স্বাক্ষর.....

নাম.....

ঠিকানা.....

স্বাক্ষী ১

স্বাক্ষর.....

নাম.....

ঠিকানা.....

মোবাইল নং.....

স্বাক্ষী ২

স্বাক্ষর.....

নাম.....

ঠিকানা.....

মোবাইল নং.....